**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 15-04-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) এডিসি নির্বাচনে আগামীকাল তিনটি আসনের চারটি ভোট কেন্দ্রে পুনরায় ভোট গ্রহন করা হবে |**

**(২) বাংলা নববর্ষ ১৪৩৩ বঙ্গাব্দের প্রথম দিন রাজ্যেও আজ উদযাপিত হচ্ছে** উৎসবমুখর **পরিবেশে।**

**(৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, দেশের অগ্রগতির জন্য নাগরিকদের সুস্বাস্থ্য ব্যক্তিগত কল্যাণের মতোই গুরুত্বপূর্ণ।**

**(৪) চলতি বছরের অমরনাথ যাত্রার জন্য আজ থেকে রেজিস্ট্রেশন প্রক্রিয়া শুরু হয়েছে।**

*************************************************************

**ADC Re-Poll :**

এডিসি নির্বাচনে আগামীকাল তিনটি আসনের চারটি ভোট কেন্দ্রে পুনরায় ভোট গ্রহন করা হবে৷ ভোট কেন্দ্রগুলি হল পেকুয়ারজলা-জন্মেজয়নগর কেন্দ্রের হীরাপুর এস. বি. স্কুল, কুলাই-চাম্পাহাওর কেন্দ্রের ভাটিময়দান এস.বি. স্কুল ও রামদেব ঠাকুর পাড়া ভোট কেন্দ্র, মহারানীপুর-তেলিয়ামুড়া কেন্দ্রে নন্দকুমার পাড়া জে. বি. স্কুল৷ সকাল ৭টা থেকে বিকেল ৪টা পর্যন্ত চলবে ভোট গ্রহন| রাজ্য নির্বাচন কমিশন থেকে জানানো হয়েছে, গত ১২ এপ্রিল এই ভোটকেন্দ্রগুলিতে ভোটগ্রহণ চলাকালীন সময়ের অবাধ ও সুষ্ঠু নির্বাচন প্রক্রিয়া ব্যাহত হয়েছিল৷ এই কারনেই চারটি ভোট কেন্দ্রে পুনরায় ভোট গ্রহন করা হবে| কমিশন জানিয়েছেন, আগামীকালের পুনরায় ভোট গ্রহন পর্ব অবাধ ও শান্তিপূর্ণভাবে

সম্পন্ন করার জন্য পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা করা হবে| সুষ্ঠভাবে ভোট গ্রহন করার জন্য কমিশন সংশ্লিষ্ট সমস্ত রাজনৈতিক দল, প্রার্থী এবং ভোটারদের সহযোগিতা চেয়েছে|

****************************

**Bengali News Year:**

বাংলা নববর্ষ ১৪৩৩ বঙ্গাব্দের প্রথম দিন রাজ্যেও আজ উদযাপিত হচ্ছে উৎসবমুখর পরিবেশে। রীতি মেনে বছরের প্রথম দিনে শুরু হয়েছে মঙ্গল কামনায় পুজো। রাজধানীর লক্ষীনারায়ন মন্দির সহ বিভিন্ন মন্দিরে সকাল থেকে ভক্ত সমাগম লক্ষ্য করা গেছে। ব্যবসায়ীরা এদিন নতুন হালখাতা সূচনা করতে ভীড় জমিয়েছেন মন্দিরগুলিতে। পাশাপাশি ব্যবসার শ্রীবৃদ্ধিকামনায় খাতা পুজোর জন্যও মন্দিরে মন্দিরে উপচে পড়া ভিড়। পরিবারের মঙ্গল কামনায় পুজো দেন অনেকেই| তাছাড়া, পয়লা বৈশাখ উপলক্ষে আগরতলায় লক্ষীনারায়ণ মন্দিরের সামনে শুরু হয়েছে মেলা| ব্যবসায়ীরাও তাদের পসরা সাজিয়ে বসেছেন।

এদিকে, উদয়পুরের ত্রিপুরা সুন্দরী মন্দিরেও আজ পুর্ন্যার্থীদের ভিড় পরিলক্ষিত হয়েছে| নতুন বছরকে বরণ করে নিতে কাব্যলোক সহ অনেক সংস্থা আয়োজন করে বর্ষবরণ উৎসব।

****************************

**New Year Greetings:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বাংলা নববর্ষ তথা পয়লা বৈশাখ উপলক্ষে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী সবার সাফল্য, সুস্বাস্থ্য, সমৃদ্ধি এবং সুখের জন্য প্রার্থনা করেন।

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বাংলা নববর্ষ উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছা বার্তায় তিনি বলেন, নতুন বছর সবার জীবনে নিয়ে আসুক সুখ, সমৃদ্ধি ও শান্তি। পারস্পারিক সৌহার্দ্য ও সম্মানে ভরে উঠুক সবার জীবন।

প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা বাংলা নববর্ষ উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন| তিনি সবার সুখ ও সমৃদ্ধি কামনা করেছেন|

****************************

**Nababarsha-South Tripura:**

বাংলা নববর্ষ উপলক্ষে জোলাইবাড়ির ত্রিপুরেশ্বর শিব মন্দির, বাইখোরার জগন্নাথ মন্দির, মুহুরীপুরের রাজ রাজেশ্বরী মন্দির, সাব্রুমের দৈত্যশ্বরী কালিবাড়ি সহ বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানে পূজা দেন বহু পুন্যার্থী।বিলোনিয়ার যোগমায়া কালিবাড়িতে বসেছে নববর্ষ মেলা। দক্ষিন জেলার চাকমা জনগোষ্ঠীর জনগন বিজু উৎসবের আজ তৃতীয় দিনটি উৎসাহ উদ্দীপনায় পালন করছে। বিসিকাতাল-র আনন্দে মেতেছে ত্রিপুরী জনগোষ্ঠীর জনগনও।

****************************

**Package story on Pohela Boishakh:**

জানা ছিল ক্যালেন্ডার মেনে আসছে বৈশাখ | অবশেষে চৈত্র সংক্রান্তির গন্ডি পেরোতেই নতুন সকালের ডানায় ভর করে এসে গেছে পয়লা বৈশাখ| আমরাও সাদরে নতুন বাংলা বছরকে ডেকে নিলাম হৃদয় অন্তঃপুরে| আসন পিড়ি দিয়ে সাদরে রবিকবির কথায় সুরে বললাম, এসো হে বৈশাখ ← একটি প্রতিবেদন|

########### v/o ###########

****************************

**Fair at Durgabari Tea garden :**

বাংলা বর্ষবরন উপলক্ষে আজ থেকে বামুটিয়া বিধানসভার দুর্গাবাড়ি চা বাগানে শুরু হয়েছে তিনদিন ব্যাপী ঐতিহ্যবাহী মেলা। মেলা কমিটির সদস্য মিন্টু দেব জানান, এই বছরও মেলায় প্রায় দুশোর উপর স্টল খোলা হয়েছে। এই মেলায় চা শ্রমিক পরিবারের ছেলে মেয়েরাও নানা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করছে।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

***************************

**President -AIIMS:**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, দেশের অগ্রগতির জন্য নাগরিকদের সুস্বাস্থ্য ব্যক্তিগত কল্যাণের মতোই গুরুত্বপূর্ণ। আজ নাগপুর এইমস-এর দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে তিনি একথা বলেন| তিনি বলেন, চিকিৎসা ক্ষেত্রটি শুধু একটি পেশা নয়, এটি সংবেদনশীলতার সঙ্গে মানবসেবার

একটি পথ। একজন চিকিৎসক শুধু রোগের চিকিৎসাই করেন না, বরং রোগে আক্রান্তদের মনে আশাও জাগিয়ে তোলেন।

রাষ্ট্রপতি আরও বলেন, গত দশকে, ভারত সরকার নাগরিকদের সুস্থ রাখা এবং তাঁদের পূর্ণ সামর্থ্য অনুযায়ী দেশ গঠনে অবদান রাখার সুযোগ নিশ্চিত করতে একাধিক গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছে। গ্রামীণ ও শহরাঞ্চলের স্বাস্থ্যসেবা সুবিধার বৈষম্য দূর করতে এবং সবাইকে গুণমানসম্মত স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে প্রযুক্তিগত উন্নয়নকে কাজে লাগানো উচিত বলে রাষ্ট্রপতি অভিমত ব্যক্ত করেন।

****************************

**Special Parlement:**

নারী শক্তি বন্দন অধিনিয়ম” সংক্রান্ত সাংবিধানিক সংশোধনী নিয়ে আলোচনার জন্য আগামীকাল থেকে “সংসদের বিশেষ অধিবেশন শুরু হচ্ছে। যা চলবে আগামী শনিবার পর্যন্ত।

****************************

**ADC Counting:**

এডিসি নির্বাচনের ভোটগননা সুষ্টু ও শান্তিপূর্ণভাবে করার লক্ষ্যে ঊনকোটি জেলায় প্রশাসনিক প্রস্তুতি চলছে। ঊনকোটি জেলার অধীন মাছমারা আসন ও করমছড়া আসনের ভোটগণনা হবে কুমারঘাট গার্লস স্কুলের গননাকেন্দ্রে।

গননা কেন্দ্রে থাকবে ত্রি-স্তরীয় নিরাপত্তা বেষ্টনী| আগামী সতেরোই এপ্রিল সকাল আটটা থেকে ভোটগণনা শুরু হবে।

কুমারঘাটের এসডিএম তথা রিটার্নিং অফিসার এন,এস, চাকমা জানিয়েছেন রাজ্য নির্বাচন কমিশনের নির্দেশিকা মেনে সুষ্টুভাবে গননাপর্ব সম্পন্ন করতে প্রয়োজনীয় সবধরনের ব্যবস্থা গ্ৰহণ করা হচ্ছে।

এদিকে, এডিসির পূর্ব মুহুরীপুর-ভুরাতলি ও শিলাছড়ি-মনুবনকুল আসনের ভোট গননা শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে গতকাল সাব্রুম মহকুমা শাসকের অফিসে বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে এক সর্বদলীয় সভা অনুষ্ঠিত হয়। সভায় দুই কেন্দ্রের রিটার্নিং অফিসার সুমন রক্ষিত, ভোট গননা শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে রাজনৈতিক দলগুলির প্রতিনিধিদের সহযোগিতার আহ্বান জানান।

****************************

**SASB:**

চলতি বছরের অমরনাথ যাত্রার জন্য আজ থেকে রেজিস্ট্রেশন প্রক্রিয়া শুরু হয়েছে। সারা দেশের ৫৫৪টি নির্দিষ্ট ব্যাঙ্ক শাখার পাশাপাশি অনলাইন মাধ্যমেও পুণ্যার্থীরা রেজিস্ট্রেশন করতে পারবেন।

শ্রী অমরনাথজি শ্রাইন বোর্ড, যাত্রীদের সুবিধার্থে রেজিস্ট্রেশন সংক্রান্ত বিস্তারিত নির্দেশিকা জারি করেছে। বোর্ড জানিয়েছে, যাত্রার সময় নিরাপত্তা, স্বাস্থ্য পরীক্ষা এবং অনুমতিপত্র সংক্রান্ত নিয়ম বিশেষ ভাবে মানা হবে। পুণ্যার্থীদের আগে থেকে রেজিস্ট্রেশন সম্পন্ন করার পরামর্শ দেওয়া হয়েছে, যাতে যাত্রাপথে কোনও অসুবিধা না হয়। কর্তৃপক্ষ আশা করছে, এবছরও বিপুল সংখ্যক ভক্ত অমরনাথ যাত্রায় অংশ নেবেন।

****************************

**Ajachak Ashram:**

দক্ষিন জেলার জোলাইবাড়িতে আজ দিনভর নানা অনুষ্ঠানের মাধ্যমে জোলাইবাড়ি অযাচক আশ্রমের নতুন উপাসনা গৃহ ও হরি ওঁ বিগ্রহের প্রতিষ্ঠা করা হয়। জোলাইবাড়ি অঞ্চল অখন্ড সংগঠনের সম্পাদক বাবুল বল জানান, সকালে সমবেত উপাসনার মাধ্যমে শুরু হয় মন্দিরের উদ্বোধনী অনুষ্ঠান।

ইসকনের প্রধান পরিচালক করুনেশ্বর মাধব দাস ব্রহ্মচারী সহ বহু ধর্মপ্রাণ মানুষ এই অনুষ্ঠানে অংশ নেন।

****************************

**Weather:**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর, ধলাই, পশ্চিম ও ঊনকোটি জেলাতে ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.২ ডিগ্রি সেলসিয়াস।

****************************

****************************